**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কমিটির**
**মাসিক কার্যবিবরণী**
**জুন, ২০২১**

| | | |
|---|---|---|
| স্থান | : | সচিব মহাদয়র অফিস কক্ষ, আইন ও বিচার বিভাগ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকায় |
| তারিখ | : | ২৭/০৬/২০২১ |
| সভাপতি | : | জনাব গোলাম সারওয়ার, মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ |
| উপস্থিত | : | পরিশিষ্ট (ক) |

সভার শুরুতই অনুষ্ঠানর সভাপতি সবাইক স্বাগত জানান। প্রথম তিনি এপিএ কমিটির টিম লিডার জনাব উম্মে কুলসুম-কে সভার আলোচ্যসূচী ও এপিএ বিষয়ক অগ্রগতি প্রতিবেদন তুলে ধরার অনুরোধ জানান।

সভাপতির অনুমতি গ্রহণক্রমে জনাব উম্মে কুলসুম আজকের সভার আলোচ্য সূচী হিসেবে নিম্মোক্ত তিনটি বিষয়কে প্রাধান্য দেন ঃ

(১) এ পর্যন্ত আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন সূচীর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত সাফল্য;

(২) এ বিভাগ এবং এ বিভাগের বিভিন্ন দপ্তর সংস্থা কর্তৃক অর্জিত লক্ষ্যমাত্রার বিবরণ;

(৩) যে সব লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি তার কারণে এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তদের ব্যাখ্যা।

(১) আইন ও বিচার বিভাগের কৌশলগত উদ্দেশসমূহ ব্যাখ্যা করলে দেখা যায়, বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির লক্ষ্য মোট ৭(সাত) টি লক্ষ্যমাত্রা রয়েছে।

(ক) যার মধ্যে কৌশলগত উদ্দেশ্য ১.১.১ এবং বিচারকদের প্রশিক্ষণের বিষয় বিভাগ এবং বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সমন্বয় মোট এ অর্থ বছরে ১০০% বিচারককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে আইন ও বিচার বিভাগ জুডিসিয়াল ড্যাশবোর্ড, ষ্ট্রেসম্যানজম্যান্ট এর মত বিশেয়ায়িত প্রশিক্ষণ প্রদান করেছে। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনষ্টিটিউট তাদের নিজস্ব মডিউল নিয়মিত প্রশিক্ষণ কার্য হিসেবে মোট ৪৬০ জন বিচারককে প্রশিক্ষণ প্রদান করেছে।

(খ) বিচারকার্য সহায়ক কর্মকর্তা/কর্মচারীদর মধ্য ২২(বাইশ)জনকে USAID এর কারিগরী সহযাগীতায় এবং জুম প্ল্যাটফর্মের মাধ্যম (১৮০) জন এ বিভাগের মাধ্যম এটুআই এর কারিগরী সহযোগিতায় জুডিসিয়াল ড্যাশবোর্ডের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;

(গ) কৌশলগত উদ্দেশ্যে ১.২.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ৬৩০ জন প্রসিকিউটরকে আইন ও বিচার বিভাগ তাঁর উন্নয়ন সহযোগী USAID ও US JUSTICE ডিপার্টমেন্ট এর মাধ্যম প্রশিক্ষণ প্রদান করে লক্ষ্যমাত্রা অর্জন করেছে;

(ঘ) বিদ্যমান কোভিড পরিস্থিতিত আদালত তথ্য ও যোগযাগ প্রযুক্তির ব্যবহার বিষয় মোট ৪০০০ (চার হাজার) আইনজীবীকে এ বিভাগ জিআইজেড এর কারিগরী সহযোগীতায় প্রশিক্ষণ প্রদান করে লক্ষ্যমাত্রা অর্জন করেছে;

(ঙ) মামলা দায়েরের পূর্বে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে পর্যাপ্ত সংখ্যক বিরোধ নিষ্পত্তি করে লক্ষ্যমাত্রা অর্জন করা হলেও কোভিড পরিস্থিতির জন্য মামলা দায়েরের পর এডিআর-এর মাধ্যমে পর্যাপ্ত সংখ্যক নিষ্পত্তি করা সম্ভব হয়নি;

(চ) আইন ও বিচার বিভাগ এ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ৬৪টি জেলা জজ আদালতের সব কয়টিতে ইন্টারনেট সংযোগ দেয়ার মাধ্যমে ভার্চুয়াল আদালতে শুনানী কার্য নিশ্চিত করেছে;

(ছ) শিশু আইন-এর উপর আইন ও বিচার বিভাগ ৩২৮ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করেছে।

(জ) **অভিগম্যতা** ঃ কর্মসম্পাদন সূচক নং-২.১.১-২.৭.১- বিচার ব্যবস্থায় সাম্য ও অভিগম্যতার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। যা জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার মাধ্যমে এ বিভাগ সম্পাদন করে। উক্ত কর্মসম্পাদন সূচক সমূহের জন্য ধার্যকৃত লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং প্রয়োজনীয় প্রমাণকসমূহে সংস্থা কর্তৃক যথারীতি প্রেরিত হয়েছে।

(ঝ) ভূমি নিবন্ধন কার্যে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রমের মধ্যে প্রথম তিনটি ত্রৈমাসিক কর্মসম্পাদন সূচক নং ৩.১.১, ৩.১.৩, ৩.১.৪ এর অর্জন ছিল না। ইতোমধ্যে উক্ত তিনটি সূচকে ধার্যকৃত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে নিবন্ধন অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবগত করেছেন। উক্ত সূচকসমূহের বিপরীত মহাপরিদর্শক, নিবন্ধন কর্তৃক প্রচারিত অফিস আদেশ/উপস্থিতি এবং অন্যান্য সূচকের বিপরীত অধিদপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রমাণক এপিএ কমিটির নিকট যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।

(ঞ) কৌশলগত উদ্দ্যেশ্য ৪.১.১ ও ৪.১.২ এর বিপরীত অনুবিভাগ প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন যথাসময়ে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।

(ট) আবশ্যিক কর্মকৌশলের মধ্যে এম ২.১.১ অনুযায়ী ই-নথিতে কোন নিষ্পত্তি হয়নি। তাছাড়া এডিবি বাস্তবায়নের হার মাত্র ২৫.৬%।

সভাপতি মহোদয়, এ বিভাগের ই-ফাইলিং কার্যক্রমের নিম্নহারে অসন্তোষ প্রকাশ করেন। তিনি এ ব্যাপারে সকল শাখা, অধিশাখা, অনুবিভাগের সহযোগিতা কামনা করেন। ইতোমধ্যে বিভিন্ন সূচকে শতভাগ সাফল্য অর্জিত হওয়ার তিনি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জ্ঞাপন করেন। প্রতিটি কর্মসূচকের বিপরীতে যথাযথ প্রমাণকসমূহ দ্রুত এপিএ কমিটির কাছে প্রেরণ করার জন্য তিনি অনুরোধ করেন।

অবশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সবার সুস্থতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৬/২০২২

(উম্মে কুলসুম)
যুগ্ম-সচিব (মতামত)
ও
টিম লিডার, এপিএ কমিটি
আইন ও বিচার বিভাগ।